

3 (Sem-2) BEN M 2

2 0 1 7

BENGALI

(Major)

Paper : 2·2

Full Marks : 80

Time : 3 hours

*The figures in the margin indicate full marks
for the questions*

১। নির্দেশ অনুযায়ী সংক্ষিপ্ত উত্তর দাও : ১×১০=১০

(ক) কাঠবেড়ালি গিন্গী সাড়া না দেওয়ায় রিদয় কোন্ ভাষায় গান ধরেছে?

(খ) 'বুড়ো আংলা' গ্রন্থের শেষ পরিচ্ছেদটির শিরোনাম কী?

(গ) "না, আমি চিনা মেডিক্যাল ইউনিটের ডাক্তার।" বক্তা কে?

(ঘ) এলিস কোন্ বিশ্ববিদ্যালয়ের ছাত্রী?

(ঙ) সন্ধ্যার অল্প পরেই জাহাজ _____ মোহনায় প্রবেশ করলে।

(শূন্যস্থান পূর্ণ করো)

(চ) সুরেশ্বরের বাড়ি কোন্ জেলায় অবস্থিত?

(ছ) বৈকশেয়ালি, ফেরুপালদের মুড়ো মাংস খাওয়ানো কোন্ বংশের সনাতন প্রথা?

(জ) ঘুমের পরেই _____ নতুন লাইন খুলেছে।

- (১) সোনাদা
- (২) আলুবাড়ি
- (৩) বাতাসীয়া
- (৪) দার্জিলিং

(শুদ্ধ উত্তর বেছে শূন্যস্থান পূর্ণ করো)

(ঝ) কার শাপে রিদয় বুড়ো আংলা হয়েছে?

(ঞ) “স্বাধীন দেশের মেয়ে বটে! সংস্কারের পুঁটলি নয়।”
কার সম্পর্কে এই মন্তব্য করা হয়েছে?

২। অতি সংক্ষেপে উত্তর দাও :

২×৫=১০

(ক) “আমি আমার ছাত্রের দল নিয়ে বেরিয়েছি, দেখি যদি কিছু করতে পারি।” বক্তা কে? কাকে তিনি একথা বলেছেন?

(খ) ‘সাংহাই ডেলি নিউজ’ পত্রিকাটি কাদের দ্বারা পরিচালিত? পত্রিকাটি কতগুলো ভাষায় সংবাদ পরিবেশন করে?

(গ) “বুরঞ্জীতে ঠিক তো লিখেছে, অঙ্গুষ্ঠপ্রমাণ এই মহাপুরুষ এসেছেন ঠিক ভূতচতুর্দশীতেই....।” বক্তা কে? ‘মহাপুরুষ’ বলতে কাকে বোঝানো হয়েছে?

(ঘ) “এরা কোনোদিন কোথাও যেতেও চায় না, নড়তেও চায় না, ভারি কুনো!” এখানে কাদের কথা বলা হয়েছে?

(ঙ) কে, কাকে বাজ দিয়ে মন্দার পর্বতের ডানা কেটে দিতে বলেছিলেন?

৩। সংক্ষেপে উত্তর দাও (যে কোনো চারটি) :

৫×৪=২০

(ক) ‘মরণের ডঙ্কা বাজে’ গ্রন্থে কে, কার কাছে, কেন দশ হাজার ডনার মুক্তিপণ দাবি করেছিল, লেখো।

(খ) বিমল ও সুরেশের চোখে যুদ্ধবিধ্বস্ত সাংহাই শহরের বর্ণনা দাও।

(গ) ফা-চিন মন্দিরে দুটি চিনা তরুণ-তরুণীর বিবাহ অনুষ্ঠানের বর্ণনা দাও।

(ঘ) “হাঁসের দলে হংসপাল হয়ে থাক।” রিদয়কে কে এই সম্মান দিয়েছেন? প্রসঙ্গটি উল্লেখ করো।

(ঙ) আভামানি লালসেরা ও চকার কথাবার্তা সংক্ষেপে লেখো।

(চ) গণেশের বৈঠকখানায় রিদয় ও গণেশের কথোপকথনটি সংক্ষেপে গুছিয়ে লেখো।

৪। প্রতিটি গুচ্ছ থেকে দুটি করে নিয়ে মোট চারটি প্রশ্নের উত্তর দাও :

১০×৪=৪০

ক—গুচ্ছ

(ক) জাপানিদের হাতে বিমল কীভাবে বন্দী হল? বন্দী হবার পর বিমলের যে অভিজ্ঞতা হয়েছিল তার বর্ণনা দাও।

(খ) ‘মরণের ডঙ্কা বাজে’ গ্রন্থে চন্দুর আজ্জা ধিরে যেসব ঘটনা ঘটেছিল তার একটি নাতিদীর্ঘ বিবরণ দাও।

(গ) ‘মরণের ডঙ্কা বাজে’ গ্রন্থে এ্যালিস ও মিনির ভূমিকাটি স্পষ্ট করো।

খ—গুছ

- (ঘ) “বনের মধ্যে শেয়াল-মানুষে চরকাবাজি এমনতরো কেউ কোনোদিন দেখেনি।” মস্তবোর অনুসরণে ‘বুড়ো আংলা’ গ্রন্থের অন্তর্গত এই ‘চরকাবাজি’-র পরিচয় দাও।
- (ঙ) রিদয়ের বর্ণনায় বিশ্বামিত্র ও বিশ্বকর্মার জগৎ-সৃষ্টি কাহিনী কীভাবে ফুটে উঠেছে তা দেখাও।
- (চ) ‘বুড়ো আংলা’ গ্রন্থে অবলম্বনে ‘চকা-নিকোঁবর’ অথবা ‘হংপাল’ অংশের ঘটনাবলি সংক্ষেপে বিবৃত করো।
